

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৬.২০১২- ২৩১

তারিখঃ- .০৩.১৪২০ বঙ্গাব্দ
১৮ .০৬.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ


যেহেতু, জনাব মোঃ আনছার আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা (কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় কর্মকালীন সময়ের উত্থাপিত অভিযোগ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৬.০২.২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা পূর্বক জনাব মোঃ আনছার আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা (কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় কর্মকালীন সময়ের উত্থাপিত অভিযোগ)-কে তার বিরুদ্ধে দায়েরকৃত বর্ণিত বিভাগীয় মামলা হতে অব্যহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৬.২০১২- ২৩১/১ (২)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

তারিখঃ-১৮-০৬-২০১৩ খ্রিঃ

- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গাইবান্ধা ও কুড়িগ্রাম।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৯। জনাব মোঃ আনছার আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।


(হাছিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
sasdisc2@mohfw.gov.bd